# বাংলাদেশ সফরে ভারতের ‘র’ প্রধান পরাগ জৈন




ছবি: সংগৃহীত

ভারতের বৈদেশিক গোয়েন্দা সংস্থা রিসার্চ অ্যান্ড অ্যানালাইসিস উইং (র)-এর প্রধান পরাগ জৈন চার সদস্যের একটি উচ্চপর্যায়ের প্রতিনিধিদল নিয়ে ঢাকায় এসেছেন। বাংলাদেশের আমন্ত্রণে রোববার (৯ আগস্ট) বিকেলে তিনি ঢাকায় পৌঁছান বলে পররাষ্ট্র মন্ত্রণালয়ের একটি দায়িত্বশীল সূত্র জানিয়েছে।

পরাগ জৈনের সফরসঙ্গী হিসেবে রয়েছেন অশ্বিন মুকুন্দ কোটনিস, রাহুল নেগি ও শৈবল রায় চৌধুরী। সংশ্লিষ্ট সূত্রের তথ্য অনুযায়ী, ভারতীয় প্রতিনিধিদলটি বর্তমানে রাজধানীর একটি হোটেলে অবস্থান করছে।

LENS ASIA

তবে এ সফর সম্পর্কে এখনো বাংলাদেশ কিংবা ভারত সরকারের পক্ষ থেকে আনুষ্ঠানিক কোনো বক্তব্য দেওয়া হয়নি। সফরের কর্মসূচি, বৈঠকের বিষয়বস্তু কিংবা বাংলাদেশি পক্ষের সঙ্গে কারা আলোচনায় বসবেন, সে বিষয়েও বিস্তারিত জানা যায়নি।

দুই দেশের মধ্যে সাম্প্রতিক রাজনৈতিক ও কূটনৈতিক টানাপোড়েনের প্রেক্ষাপটে ‘র’-প্রধানের ঢাকা সফরকে তাৎপর্যপূর্ণ হিসেবে দেখা হচ্ছে। বাংলাদেশ ও ভারতের মধ্যে যোগাযোগ বাড়ানো এবং দ্বিপক্ষীয় সম্পর্ক স্বাভাবিক করার উদ্যোগের সময়েই তাঁর এই সফর অনুষ্ঠিত হচ্ছে।

পরাগ জৈন ‘র’-এর প্রধানের দায়িত্ব পালনের পাশাপাশি স্পেশাল প্রোটেকশন গ্রুপের বিশেষ সচিব হিসেবেও দায়িত্ব পালন করছেন বলে জানা গেছে।

ঢাকায় আসার আগে পরাগ জৈন চীন সফর করেন। সেখান থেকে বাংলাদেশে তাঁর আগমন নতুন করে কূটনৈতিক মহলের দৃষ্টি আকর্ষণ করেছে।

তবে সফরে কী কী বিষয় নিয়ে আলোচনা হবে, বাংলাদেশি কর্মকর্তাদের সঙ্গে তার বৈঠক হবে কি না কিংবা কোনো সমঝোতা বা সিদ্ধান্তে পৌঁছানোর সম্ভাবনা রয়েছে কি না, এসব বিষয়ে এখন পর্যন্ত আনুষ্ঠানিকভাবে কিছু জানানো হয়নি।